

# কালের কন্ঠ ২৬.০১.১৭

## লেখক আর দখল হবে না : পূর্তমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক >

গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন বলেছেন, বিএনপি ক্ষমতায় থাকাকালে লেক দখল করে প্লট বানিয়েছে। এখন আর লেক দখল হবে না। কোনো ব্যক্তি বা গোষ্ঠীকে লেক ভরাট করতে দেওয়া হবে না। গতকাল বুধবার গুলশান লেক উন্নয়ন প্রকল্প পরিদর্শনকালে তিনি এসব কথা বলেন।

সরকার প্রায় ৪১০ কোটি টাকা ব্যয়ে গুলশান বনানী বারিধারা লেক উন্নয়ন প্রকল্পের কাজ শুরু করেছে। এ উন্নয়ন প্রকল্পের কাজ আগামী ২০২০ সালের জুন মাসে শেষ হবে। ২৯৮ দশমিক ১৫ একর জমির অবৈধ দখল উচ্ছেদ, লেক দূষণমুক্ত করা, লেকের পানি ধারণক্ষমতা বৃদ্ধি করা, পরিবেশ উন্নয়ন ও চিত্তবিনোদনের সুযোগ বৃদ্ধি করা হবে এ প্রকল্পের আওতায়। গতকাল বুধবার সকালে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন উন্নয়ন প্রকল্পের কাজ পরিদর্শন করেন। এ সময় উপস্থিত ছিলেন রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) চেয়ারম্যান এম বজলুল করিম চৌধুরী, সদস্য (উন্নয়ন) আব্দুর রহমান, প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন) রায়হানুল ফেরদৌস, প্রধান প্রকৌশলী (নকশা) আনোয়ার হোসেনসহ সংশ্লিষ্ট প্রকল্পের পরিচালক।

মন্ত্রী সাংবাদিকদের বলেন, রাজধানীর গুলশান লেকে ড্রেনেজ ও স্যুরারোজের ময়লা পানি আসায় দুর্গন্ধের সৃষ্টি হয়। হাতিরবিড়ি ও গুলশান লেকে মানুষের বর্জ্য ভেসে বেড়াচ্ছে। নির্দিষ্ট পাইপে এসব বর্জ্য নিকাশনের দায়িত্ব ঢাকা ওয়াসার। এ ছাড়া লেকে আসা ময়লা-আবর্জনা পরিষ্কারের দায়িত্ব সিটি কর্পোরেশনের। কিন্তু সিটি কর্পোরেশন ও ওয়াসা তাদের দায়িত্ব সঠিকভাবে পালন করছে না।

পূর্তমন্ত্রী আরো বলেন, বঙ্গবন্ধুকে হত্যার পর যারা ক্ষমতায় এসেছে তারা ঢাকার লেকগুলো ভরাট করেছে। জিয়াউর রহমান, হুসেইন মুহম্মদ এরশাদ ও খালেদা জিয়ার আমলেই লেকগুলো ভরাট করে সৃজন করা প্লটে বাড়ি নির্মাণের অনুমতি দেওয়া হয়েছিল। এসব বাড়ির মালিকও তাদের লোকজন।

